## কলাস্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৪

## দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমেস্টার

## বাংলা

## কোর্স : পিজি ৩.৫১এ

## সমাজভাষাবিজ্ঞান (বিশেষ পত্র)

সময় : ২ ঘণ্টা　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান : ৩০

*যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।*

**১.** (ক) একজন দ্বিভাষিক বক্তার ভাষা ব্যবহারের ক্ষেত্রে দুটি ভাষার অন্তর্বর্তী সাধারণ নিহিত মনস্তাত্ত্বিক ধারণা (common underlying conceptual base - CUCB) কেমনভাবে সাহায্য করে সেটি Kecskes আর Papp (2003)-এর তত্ত্ব অনুযায়ী লেখো। যৌগিক আর বিশ্লিষ্ট দ্বিভাষিকতার মধ্যে পার্থক্য কোথায় উদাহরণ সহ ব্যাখ্যা করো। ৫+৫=১০

**অথবা**

(খ) বহুভাষিক এলাকার ভাষা পরিস্থিতিকে চিহ্নিত করতে কোন বিষয়গুলি গুরুত্বপূর্ণ? উইলিয়াম লেবভ বহুভাষিক পরিস্থিতিতে কোন্ দুটি দৃষ্টিকোণ থেকে ভাষাবৈচিত্র্যকে লক্ষ্য করতে বলেছিলেন? কোনো একটি বহুভাষিক ক্ষেত্রের দৃষ্টান্ত দিয়ে ভাষার বৈচিত্র্যের মাত্রাগুলি স্পষ্ট করো। ৪+২+৪=১০

২. (ক) ঋণকৃতির ধরনগুলি আলোচনা করো। ঋণকৃতির কারণগুলি উদাহরণসহ ব্যাখ্যা করো। ৫+৫=১০

**অথবা**

(খ) কোন্ ধরনের ভাষাবৈচিত্র্যকে রেজিস্টার বলা হয়? উপভাষা (dialect) আর রেজিস্টারের পার্থক্য কোথায়? ভাষাক্ষেত্র এবং প্রয়োগের বৈচিত্র্যের ভিত্তিতে রেজিস্টারের শ্রেণিবিভাজন করো।উদাহরণ দাও। ২+১+৪+৩=১০

৩. (ক) উৎস ভাষার সঙ্গে পিজিনের পার্থক্য ধ্বনিতাত্ত্বিক, রূপতাত্ত্বিক, আন্বয়িক, শব্দার্থগত স্তরে কেমনভাবে ঘটে উদাহরণসহ বিশ্লেষণ করো। পিজিনের ব্যবহারিক কোনো গুরুত্ব আছে কিনা জানাও। ৮+২=১০

**অথবা**

(খ) Code switching-এর সঙ্গে Code mixing-এর পার্থক্য কোথায়? ভাষার কতগুলি স্তরে এগুলি ঘটতে পারে? এর পিছনে কোন্ ধরনের পরিস্থিতি ক্রিয়াশীল হয় সেগুলি উদাহরণসহ লেখো। ২+৩+৫=১০

৪. টীকা লেখ ঃ ক্রেয়ল, দ্বিবাচনিকতা ৫+৫=১০

৫. (ক) ভাষিক পারঙ্গমতা (linguistic competence) এবং সংজ্ঞাপনিক পারঙ্গমতা (communicative competence) বলতে কী বোঝো? ভাষাব্যবহারের ক্ষেত্রে দুটি ধারণার তাৎপর্য দৃষ্টান্তসহ আলোচনা করো। ৪+৬=১০

**অথবা**

(খ) সর্বনামের প্রয়োগের মধ্যে ক্ষমতা (power) ও সংহতির (solidarity) প্রকাশকে ব্রাউন ও গিলম্যান কীভাবে সূত্রবদ্ধ করেন, তা আলোচনা করো। ক্ষমতা ও সংহতি প্রসঙ্গে ঐকমত্য (agreement) ও অনিশ্চয়তার (uncertainty) ধারণা দুটিকে ব্যাখ্যা করো। ৬+৪=১০





**অথবা**

(গ) "Each language defines a speech community : the whole set of people who communicate with each other, either directly or indirectly, via the common language" — চার্লস এফ. হকেটের এই মন্তব্যটির প্রেক্ষিতে বাক্-সম্প্রদায় (speech community) সম্পর্কে তোমার মতামত লিপিবদ্ধ করো। ১০

৬. (ক) হাইনৎস ক্লস এবং আর এল কুপারের অনুসরণে ভাষা পরিকল্পনার (language planning) তিনটি ক্ষেত্র সম্পর্কে আলোচনা করো। ১০

**অথবা**

(খ) আইনার হাউগেন ভাষা পরিকল্পনার (language planning) যে মাত্রাগুলোর উল্লেখ করেছেন দৃষ্টান্তসহ সেই মাত্রাগুলো সম্পর্কে আলোচনা করো। ১০

**অথবা**

(গ) বাংলা বানানের সমতাবিধান প্রসঙ্গে কলকাতা বিশ্ববিদ্যালয় গঠিত বানান সমিতির ১৯৩৬ সালে প্রকাশিত প্রস্তাব এবং পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি গৃহীত বানানবিধির ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। বাংলা তৎসম শব্দের বানান সম্পর্কে এই দুটি উদ্যোগের একটি তুলনামূলক আলোচনা দৃষ্টান্তসহ সংক্ষেপে পেশ করো। ১০

★ ★ ★